

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
পার-১ অধিশাখা  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১১.০৪৫.১৯-১২৮

তারিখঃ-২৩/০৩/২০২০ খ্রি.

বিষয়ঃ ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ এর আউটসোর্সিং এর মাধ্যমে সেবা ক্রয়ের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ মমেফ/আউটসোর্সিং/২০১৯/৮৩৩২ তারিখঃ ০৩/১১/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে এবং ব্যয় ব্যবস্থাপনা-৬ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৪/০৩/২০২০ তারিখের ০৭.১৫৬.০১৫.৪৫.০২.২৫.২০১১-১৬৩ নং স্মারকের সম্মতিক্রমে ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ এর নিম্ন বর্ণিত সেবা নিম্নোক্ত শর্তে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ এর ৩(২) অনুচ্ছেদ অনুসারে সেবা ক্রয়ের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হল।

সেবার ক্যাটাগরি	সেবা কর্মীর সংখ্যা
ক্যাটাগরি-১	কেয়ারটেকার-০১, এসি মেকানিক-০১
ক্যাটাগরি-৪	গার্ডেনার-০২, বাবুর্চি-০২
ক্যাটাগরি-৫	সহকারী বাবুর্চি-০৩, পরিচ্ছন্নতাকর্মী-১০, নিরাপত্তা প্রহরী-১০, হোস্টেল এ্যাটেনডেন্ট-০৬
মোট=	৩৫

শর্তাবলীঃ

- (১) সেবা ক্রয়কারী, আউটসোর্সিং এর জন্য নির্ধারিত সেবাসমূহ সম্পাদনের জন্য সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ অনুসরণপূর্বক সেবা গ্রহণ করবে;
- (২) অনুমোদিত সেবা ও সেবাকর্মীর অতিরিক্ত কোন সেবা ক্রয় করা যাবে না;
- (৩) আউটসোর্সিংয়ের জন্য নির্ধারিত সেবাসমূহ প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা অনুসরণপূর্বক সেবাক্রয় করতে হবে;
- (৪) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর শারীরিক সক্ষমতা থাকতে হবে;
- (৫) সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;
- (৬) সরকারি তহবিল দ্বারা আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর ক্যাটাগরি, সংখ্যা ও যোগ্যতা সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষ নির্ধারণ করবে;
- (৭) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারী ব্যক্তির বয়সসীমা ১৮-৬০ বছর হবে;
- (৮) অর্থ বিভাগের পরিপত্র নং ০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯.২৫৯ তাং-১০/০৬/২০১৯ অনুযায়ী জনপ্রতি সেবামূল্য নির্ধারণ করতে হবে;
- (৯) সেবাকর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার ন্যূনতম ৫% এর কম হবে না;
- (১০) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
- (১১) পরিচ্ছন্নতাকর্মীর আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দিতে হবে;
- (১২) জনবল পূরণের ১৫ দিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত করতে হবে।

২৩.০৩.২০২০

(মোহাম্মদ মোহসীন উদ্দিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৬০৫১

email-per1@mefwd.gov.bd

অধ্যক্ষ

ময়মনসিংহ মেডিকেল কলেজ

ময়মনসিংহ।

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১১.০৪৫.১৯-১২৮/১(৬)

তারিখঃ ২৩/০৩/২০২০ খ্রি.

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। মহাপরিচালক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৬। যুগ্মসচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।